

AME/107
14/12/01/2023

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৪১.৩০.০০৬.২২-৭৮

তারিখ : ২৮ পৌষ ১৪২৯
১২ জানুয়ারী ২০২৩


কোটেশন বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১৭-২০তম গ্রেডের কর্মচারী (পুরুষ/মহিলা), ডেসপ্যাচ রাইডার ও গাড়ী চালকদের জন্য নিম্নবর্ণিত সাজ-পোষাক (শীতকালীন পোষাক, জুতা/স্যান্ডেল সু, মোজা, ছাতা, ব্যাগ) সরবরাহের নিমিত্ত প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে কোটেশন আহবান করা যাচ্ছে :

ক্রম	সাজ-পোষাকের বিবরণ	পরিমাণ
১৭-২০তম গ্রেডের কর্মচারী (পুরুষ/মহিলা)		
০১.	ভি-গলা ফুল সোয়েটার	২৯টি
০২.	ফুল সার্ট	২৯টি
০৩.	শাল/সোয়েটার	০৯টি
০৪.	ফুল হাতা ব্লাউজ	০৯টি
০৫.	জুতা (পুরুষ)	৫৮জোড়া
০৬.	স্যান্ডেল/জুতা (মহিলা)	১৮জোড়া
০৭.	মোজা	৭৬জোড়া
০৮.	ছাতা	৩৭টি
০৯.	ব্যাগ	০১টি
গাড়ী চালক		
১০.	ফুল সাফারী	০৩সেট
১১.	ভি-গলা ফুল সোয়েটার	০৩টি
১২.	জুতা	০৪জোড়া
১৩.	স্যান্ডেল সু	০৪জোড়া
১৪.	মোজা	০৮জোড়া

শর্তাবলী:

- আগামী ১৭-০১-২০২৩ তারিখ বেলা ২.৩০ ঘটিকা পর্যন্ত কোটেশন নিম্নস্বাক্ষরকারীর কক্ষে (কক্ষ নং-৮২২/বি, ভবন নং-০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) জমা দেয়া যাবে এবং ঐদিন বিকাল ৩.০০ ঘটিকায় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন খোলা হবে।
- প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে শীতকালীন সাজ-পোষাকের দর দাখিল করতে হবে। কোটেশনে মোট মূল্যের সাথে ভ্যাট/আইটি সংযুক্তপূর্বক কোটেশন দাখিল করতে হবে।
- কোটেশনের সাথে কাপড়ের নমুনা, হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট নিবন্ধন সনদপত্র এবং সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সনদপত্রসহ আনুষ্ঠানিক কাগজপত্রাদি দাখিল করতে হবে।
- খামের উপর 'শীতকালীন সাজ-পোষাক সরবরাহের কোটেশন' উল্লেখ করতে হবে।
- কোটেশনে উদ্ধৃত মূল্য অনুযায়ী বিল পরিশোধের ক্ষেত্রে বিধি মোতাবেক ভ্যাট/আইটি কর্তন করা হবে।
- অসম্পূর্ণ, ছেঁড়া ও শর্তাদি পূরণে ব্যর্থ কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।
- কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন গ্রহণে বাধ্য নহে এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে মালামালের পরিমাণ কম/বেশী করা এবং যেকোন কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোহাঃ লিয়াকত আলী খান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ২২৩৩৯০৪০০

বিতরণঃ

- সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- বাংলাদেশ সচিবালয়ের ১ ও ২নং গেইট এর নোটিশ বোর্ড।